63

তারিখ 13 OCT 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

দৈনিক ইত্তেফাক

# সবার জন্য শিক্ষা নিশ্চিত করিতে সকল শক্তির সক্রিয় ভূমিকা চাই

প্রধানমন্ত্রী

বাসস ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল ঢাকায় বলেন, নিরক্ষরতার অভিশাপ দূর করিতে শিক্ষার উপর বিশেষ জোর দিতে হইবে। সবার জন্য শিক্ষার লক্ষ্য নিশ্চিত করিতে সরকারী প্রচেষ্টার পাশাপাশি দল-মত নির্বিশেষে সমাজের সকল শক্তিকে সক্রিয় ভূমিকা রাখিতে হইবে। আন্তর্জাতিক সম্মেলন

(১০ম পৃ: -এর৩ ক: দ্র:)

## প্রধানমন্ত্রী

( প্রথম পৃ: পর )

কেন্দ্রে জাতীয় শিক্ষা কমিটির প্রথম সভায় সভাপতির বক্তব্যে তিনি বলেন সবার জন্য শিক্ষা নিশ্চিত করার জন্য একটা গ্রহণযোগ্য ও বাস্তবানুগ জাতীয় কর্মপরিকল্পনা নেওয়া হইবে। তিনি এই কমিটির চেয়ারপারসন।

ইতিপূর্বে কমিটি সদস্য এস এম আল-হোসাইনী সবার জন্য শিক্ষার খসড়া জাতীয় কর্মপরিকল্পনা পেশ করিয়া বলেন, প্রধানতঃ সপ্তবার্ষিকী এই কর্মপরিকল্পনাটি বাস্তবায়নে ১৯ হাজার কোটি টাকা দরকার হইবে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হইবে। তিনি বলেন, খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী সম্প্রসারিত করা হইবে। প্রথমে দারিদ্র্যপীড়িত এলাকার স্কুলগুলি এই কর্মসূচীর আওতায় আনা হইবে। তিনি বলেন, সরকার স্কুলের গরীব ছেলে-মেয়েদের পোশাক দেওয়ার কথা ভাবিতেছে।

দেশের বিভিন্ন জায়গায় তাহার জনসভায় স্কুল শিশুদের উত্থাপিত স্কুল সরকারীকরণের দাবী প্রসঙ্গে তিনি বলেন, ইহা বন্ধ করিতে হইবে। তিনি বলেন, সবার জন্য শিক্ষার লক্ষ্য অর্জনের স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আন্দোলন ও অন্যসব অন্যায় দাবী বন্ধ করিতে হইবে এবং বিরোধী দল সহ কোন মহলেরই উহা সমর্থন করা ঠিক হইবে না।